রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ১৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৩, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪২৭—৪৩৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৭৩—৪৯৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪০৫—৪১২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২/৩১ মার্চ ২০২৬

**নং ১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪০.২৫-৪৯০**—যেহেতু, জনাব মোঃ হারুন অর রশিদ (পরিচিতি নম্বর-৮১৪৯০০০১). উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ (প্রাক্তন কার্যালয় বাবুগঞ্জ, বরিশাল) এর বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে জাতীয় পরিচয়পত্র নম্বর-৮২৫২৫২৬৩৬৬ এর তথ্য সংশোধনের অভিযোগ উত্থাপিত হয় ; অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-১৩/২০২৫ রুজু করতঃ তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির আবেদন করেন; গত ০৯-১০-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করায় ন্যায় বিচারের স্বার্থে মামলাটির তদন্ত হয়; তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) অনুসরণক্রমে তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ করা হয়;

যেহেতু, তিনি আত্মপক্ষ সমর্থন করে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেন; পাশাপাশি, তার চাকরিকাল ২৫(পঁচিশ) বছর পূর্ণ হওয়ায় পারিবারিক কারণে স্বেচ্ছায় চাকরি হতে অবসর গ্রহণের আবেদন করেন; সার্বিক বিবেচনায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান এবং চাকরি হতে অবসর প্রদানের সিদ্ধান্ত হয়; বিগত ২৪-০৩-২০২৬ তারিখের প্রজ্ঞাপন নম্বর ১৭.০০.০০০০.০১৫.৫৫. ০৯৭.১৮-১১৪ দ্বারা সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ১(৪) মোতাবেক আবেদনের তারিখ ০৯-০৩-২০২৬ হতে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়;

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সেহেতু, জনাব মোঃ হারুন অর রশিদ (পরিচিতি নম্বর-৮১৪৯০০০১), উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ (প্রাক্তন কার্যালয় বাবুগঞ্জ, বরিশাল)-কে সরকারি চাকরি হতে অবসর প্রদানের তারিখ ০৯-০৩-২০২৬ হতে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ অত্র বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করতঃ মামলাটি নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২/২৯ মার্চ ২০২৬

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০০৩.২০২৩-২১৯**—যেহেতু, জনাব সুব্রত রায়, উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, উজিরপুর, বরিশাল (সাবেক কর্মস্থল উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, ভোলা সদর, ভোলা) এর বিরুদ্ধে এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির অধীন ভোলা জেলার সদর উপজেলা পূর্ব কাজীরচর কমিউনিটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ কাজে দুর্নীতির আশ্রয় গ্রহণ করে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারের সাথে পরস্পর যোগসাজসে অবৈধভাবে আর্থিক লাভবান হওয়ার অসদুদ্দেশ্যে ক্রটিপূর্ণ কাজ বাস্তবায়নের অভিযোগ উত্থাপিত হয়। সে প্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা অনুরোধ করা হয়।

যেহেতু তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (ঘ) অনুযায়ী "অসদাচরণ ও দুর্নীতি পরায়নতা" এর পর্যায়ভুক্ত অপরাধ।

সেপ্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৩/২০২৩ রুজু করা হয়। উক্ত মামলায় ২১-০৮-২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। এছাড়া তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ তদন্তের জন্য ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম এর নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত বোর্ড কর্তৃক ০৯ অক্টোবর ২০২৫ তারিখে প্রতিবেদন দাখিল করা হয়েছে। তদন্ত প্রতিবেদনের পর্যবেক্ষণে উল্লেখ করা হয়েছে যে, "১৯৮ নম্বর কাজীরচর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মোঃ আবু নাইম, সভাপতি মোঃ হাসান এবং মোঃ আবু জাফর, উপ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রাক্তন পদবি: সার্ভেয়ার, ভোলা সদর অভিযুক্ত জনাব সুব্রত রায়, উপজেলা সহকারী প্রকৌশলী-এর পক্ষে বক্তব্য প্রদান করেন। এছাড়া অভিযোগকারী শুনানী কার্যক্রমে উপস্থিত হয়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি দেওয়ার জন্য লিখিত অনুরোধ করেন। ১৯৮ নম্বর পূর্ব কাজীরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়-এর প্রধান শিক্ষক, সভাপতি ও সার্ভেয়ার এর মতামত থেকে বোঝা যায় যে, উক্ত ত্রুটিপূর্ণ কাজের সাথে অভিযুক্ত ব্যক্তির সম্পৃক্ততা ছিল না।

যেহেতু তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, "অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক নয় এবং অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সত্য বলে প্রমাণিত হয়নি।"

যেহেতু নথিতে উপস্থাপিত অভিযোগসমূহ, ব্যক্তিগত জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন এবং অন্যান্য তথ্য পর্যালোচনা করা হলো। জনাব সুব্রত রায়, উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, উজিরপুর, বরিশাল (সাবেক কর্মস্থল উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, ভোলা সদর, ভোলা) এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের কাজে ত্রুটি ছিল, যা বিভাগীয় মামলা দায়ের করার পর সংশোধন করে দিয়েছে। অর্থাৎ অভিযোগ সত্য ছিল, যা সংশোধনের কারণে প্রমাণিত হয়নি। তাই ভবিষ্যতের জন্য সতর্ক করে উক্ত মামলা হতে অব্যাহতি দেওয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**জেসমীন প্রধান**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ চৈত্র ১৪৩২/১৫ মার্চ ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৪.২৭.০০৫৯.২৫-১২৬**—যেহেতু, জনাব মোহাম্মদ আবু সুফিয়ান (বিপি-৭২৯৮০৩১৭১৮), ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা ইতঃপূর্বে অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা রিজিয়ন হিসাবে কর্মরত থাকাকালে তাঁর একই ইউনিটের জনাব নাদিয়া ফারজানা (বিপি-৮২১২১৪৭৬২৭), অতিরিক্ত পুলিশ সুপার (লিগ্যাল অ্যান্ড মিডিয়া)-এর সাথে তাঁর পরিচয় হয়। ট্যুরিষ্ট পুলিশে যোগদানের পূর্বে উক্ত কর্মকর্তা তাঁর নিজ জেলা ফেনীতে দায়িত্ব পালনের সময় তাঁর সাথে পরিচয় এবং পরবর্তীকালে তাঁর সাথে নিয়মিত মেসেঞ্জারে (Messenger) বার্তা আদান-প্রদান ও কথোপকথন হতো। এরই ধারাবাহিকতায় তিনি তাঁকে আপত্তিকর ও অনাকাঙ্ক্ষিত মেসেজিংসহ গত ১৮-০৯-২০২৫ তারিখে তাঁর ভেরিফাইড ফেসবুক মেসেঞ্জার (Verified Facebook Messcnger) হতে একটি আপত্তিকর ও অশ্লীল ভিডিও ক্লিপ (Video clip) তাঁর সহকর্মীর ভেরিফাইড ফেসবুক মেসেঞ্জারে (Messenger) প্রেরণ করেন। পরবর্তীতে তিনি তাঁর ডিভাইস হতে এ সংক্রান্ত সকল তথ্য-উপাত্ত মুছে (Delete) ফেলেন। তিনি পুলিশের একটি গুরুত্বপূর্ণ পদে দায়িত্বরত থেকে একজন জুনিয়র নারী সহকর্মীর অশ্লীল ভিডিও ক্লিপ (A sexually explicit video clip) প্রেরণ করার অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিল পূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করলে গত ১১-০৩-২০২৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০২। যেহেতু, শুনানিকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ পর্যাপ্ত তথ্য-উপাত্ত/প্রমাণাদি দ্বারা সমর্থিত নয়;

০৩। সেহেতু, জনাব মোহাম্মদ আবু সুফিয়ান (বিপি-৭২৯৮০৩১৭১৮), ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা ইতঃপূর্বে অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা রিজিয়ন-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিচার বিশ্লেষণ করে সার্বিক বিবেচনায় ভবিষ্যতের জন্য সতর্ক করে তাঁকে আনীত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর অনুবিভাগ (জিপি-পিপি শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১১** চৈত্র **১৪৩২**/২৫ মার্চ ২০২৬

নং **৫০৮/সলিসিটর/২০২৪-৫৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৪(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী জনাব ব্যারিস্টার মোঃ রুহুল কুদ্দুস (কাজল)-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল পদে নিয়োগ প্রদান করিলেন।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, এরশাদুল আলম**
সচিব (ভারপ্রাপ্ত)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ২২ চৈত্র **১৪৩২**/০৫ এপ্রিল ২০২৬

নং **১০.০০.০০০০.১৩০.১১.০১৮.২৫.১৪১**—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ব্রাহ্মণবাড়িয়া জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ কামরুজ্জামান চৌধুরী, পিতা-মোঃ আবু সুফিয়ান চৌধুরী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর **১৯** নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসান মাহমুদুল ইসলাম**
যুগ্মসচিব (রেজিস্ট্রেশন)।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**পার-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ ১৪৩২/০৮ ফেব্রুয়ারি ২০২৬

**বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে কর্মরত চিকিৎসকগণের পদায়ন ও বদলি নীতিমালা, ২০২৬**

**প্রস্তাবনা:**

**নং ৪৫.০০.০০০০.০০০.১৪৯.১৯.০০০১.২৬-৬১**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে কর্মরত চিকৎসকগণের পদায়ন ও বদলি প্রক্রিয়ায় কোনো সুনির্দিষ্ট পদ্ধতি, একক মানদণ্ড, স্বচ্ছতা ও নীতিমালা না থাকায় চিকিৎসকণের কর্মোদ্দীপনা ক্ষুণ্ন হচ্ছে। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন আইন) এর **১১** ধারার বিধান অনুযায়ী জনস্বার্থ সংরক্ষণে সরকারের সহজাত ক্ষমতার আলোকে এ অবস্থা হতে উত্তরণে পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

দেশের সকল অঞ্চলের নাগরিকদের নিরবচ্ছিন্ন, মানসম্মত ও ন্যায়সংগত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজন সন্তুষ্ট, কর্মদৃপ্ত এবং উজ্জীবিত চিকিৎসক। সে লক্ষ্য অর্জনের জন্য চিকিৎসকগণের মেধা, দক্ষতা, জ্যেষ্ঠতা, অভিজ্ঞতা ও কর্মস্থলভিত্তিক অবদান যথাযথভাবে মূল্যায়িত হওয়া প্রয়োজন। পদায়ন ও বদলি প্রক্রিয়াকে প্রভাবমুক্ত, স্বচ্ছ ও ন্যায্যতাভিত্তিক করার লক্ষ্যে একটি সুনির্দিষ্ট পদ্ধতি প্রণয়ন অপরিহার্য হয়ে উঠছে।

বাংলাদেশের স্বাস্থ্য ব্যবস্থার প্রেক্ষাপটে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে কর্মরত চিকিৎসকগণের পদায়ন ও বদলির জন্য যৌক্তিক, অভিন্ন ও ম্যাট্রিক্স-নির্ভর মূল্যায়ন কাঠামোর উপর ভিত্তি করে একটি অটোমেশনভিত্তিক পদ্ধতি প্রবর্তনের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।এ নীতিমালা অনুসৃত হলে মেধা, দক্ষতা, জ্যেষ্ঠতা, ন্যায্যতা নিশ্চিত হবে এবং দুর্গম ও গ্রামীণ এলাকায় সেবাদানের মূল্যায়ন, প্রশাসনিক প্রয়োজন এবং জনস্বার্থ রক্ষিত হবে।

অতএব, সরকারি চাকরি আইন, ২০১৮-এর উদ্দেশ্য ও চেতনার সঙ্গে সামঞ্জস্য রেখে এবং স্বাস্থ্যখাতে মানবসম্পদ ব্যবস্থাপনাকে অধিকতর কার্যকর, স্বচ্ছ, জবাবদিহিমূলক ও কর্ম প্রণোদনামূলক করার লক্ষ্যে "বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে কর্মরত চিকিৎসকগণের পদায়ন ও বদলি নীতিমালা ২০২৬" প্রণয়ন করার হলো।

**১.০. শিরোনাম ও প্রয়োগ:**

(ক) এ নীতিমালা "বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে কর্মরত চিকিৎসকগণের পদায়ন ও বদলি নীতিমালা ২০২৬" হিসেবে অভিহিত হবে;

(খ) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

**২.০. সংজ্ঞা:**

সরকারি চাকুরী আইন, ২০১৮ এ উল্লিখিত সংজ্ঞা এবং বাংলাদেশ সরকারি চাকরি বিধিমালা এবং অন্যান্য বিধানে উল্লিখিত সংজ্ঞা এ নীতিমালার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়াও ক্ষেত্রমতে নিচের সংজ্ঞাসমূহ প্রযোজ হবে:

ক. **ম্যাট্রিক্স:** ম্যাট্রিক্স বলতে চিকিৎসকগণের পদায়ন ও বদলির ক্ষেত্রে মেধা, দক্ষতা, চাকরিকাল, উচ্চতর ডিগ্রি, সেবাপ্রদানের পর্যায় ও ভৌগোলিক অবস্থান এবং কর্মস্থলভিত্তিক অবদানের সমন্বিত মূল্যায়নের জন্য নম্বরভিত্তিক প্রণীত পরিমাপযোগ্য, স্বচ্ছ এবং অভিন্ন মূল্যায়ন কাঠামোকে বুঝাবে।

খ. **অটোমেশন:** অটোমেশন বলতে চিকিৎসকগণের পদায়ন ও বদলি প্রক্রিয়াকে স্বচ্ছ ও ডিজিটাল পদ্ধতিতে পরিচালনার উদ্দেশ্যে ব্যবহৃত সফট্‌ওয়্যার-নির্ভর স্বয়ংক্রিয় ব্যবস্থাকে বুঝাবে। এ ব্যবস্থার মাধ্যমে ম্যাট্রিক্স অনুযায়ী প্রাপ্ত স্কোর-এর ভিত্তিতে পছন্দের কর্মস্থলের প্রাপ্যতা নির্ধারিত হবে এবং তদনুযায়ী পদায়ন ও বদলি করা হবে।

গ. **মনোনয়ন কমিটি:** মনোনয়ন কমিটি বলতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৪ নভেম্বর ২০২৫ তারিখের ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২৫-৪১১৪ নং স্মারকে গঠিত 'মনোনয়ন কমিটি' বুঝাবে।

**৩.০. পদায়ন ও বদলির পদ্ধতি:**

**৩.১. ৯ম গ্রেডের পদায়ন ও বদলি:**

**৩.১.১.মেডিকেল অফিসার/সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে পদায়ন:**

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণকে তাদের বিসিএস পরীক্ষার সুপারিশের মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী প্রাপ্য পছন্দের কর্মস্থলে অটোমেশন পদ্ধতিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে পদায়ন করা হবে।

**৩.১.২. মেডিকেল অফিসার/সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে বদলি:**

উপজেলা বা তদনিম্ন পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছর [দুর্গম এলাকার ক্ষেত্রে ০১ বছর] কর্মরত থাকার পর মেডিকেল অফিসার/সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জনগণ বদলির জন্য যোগ্য হবেন। বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্‌ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফসিল-১) প্রযোজ্য হবে।যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্‌ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তার বদলিকৃত স্থান নির্ধারিত হবে।

**৩.১.৩. প্রভাষক পদে বদলি:**

প্রভাষক পদে বদলির জন্য মেডিকেল অফিসার/সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন হিসাবে ন্যূনতম ০২ (দুই) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। এ ধরনের আবেদনের ক্ষেত্রে চিকিৎসকগণের ম্যাট্রিক্স (তফসিল-১) অনুসরণ করে প্রাপ্ত স্কোর অনুযায়ী বদলির সিদ্ধান্ত গৃহীত হবে। তবে স্নাতকোত্তর/উচ্চতর ডিগ্রিধারীকে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

**৩.২. ৬ষ্ঠ গ্রেডের পদায়ন ও বদলি:**

**৩.২.১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচঅ্যান্ডএফপিও) পদে পদায়ন:**

ক. ৬ষ্ঠ গ্রেড-এ সিনিয়র স্কেল পদে পদোন্নতি প্রাপ্ত চিকিৎসকগণকে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-১' এর ম্যাট্রিক্স অনুসরণ করে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা পদে পদায়ন করা হবে।

খ. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা পদে একই কর্মস্থলে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

গ. বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১(এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্‌ওয়ার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফশিল-১) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফটওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে।

ঘ. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ কোনো অবস্থাতেই ধারাবাহিকভাবে এক জেলায় সর্বমোট ০৫(পাঁচ) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না।

ঙ. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা পদে পদায়ন বা বদলির ক্ষেত্রে নিজ জেলা পরিহার করতে হবে।

**৩.২.২. ডেপুটি সিভিল সার্জন পদে পদায়ন ও বদলি:**

ক. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণকে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-১' এর ম্যাট্রিক্স অনুসরণ করে ডেপুটি সিভিল সার্জন পদে বদলি করা হবে। তবে, ক্ষেত্রবিশেষে ৬ষ্ঠ গ্রেড সিনিয়র স্কেল পদে পদোন্নতি প্রাপ্ত চিকিৎসকগণকেও 'তফশিল-১' এর ভিত্তিতে ডেপুটি সিভিল সার্জন পদে পদায়ন করা যাবে।

খ. ডেপুটি সিভিল সার্জন পদে একই কর্মস্থলে চাকরির মেয়াদ ০২(দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

গ. বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্‌ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফসিল-১) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্‌ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে। জ্যেষ্ঠতা ও যৌক্তিকতার ভিত্তিতে ডেপুটি সিভিল সার্জন এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা পদসমূহের মধ্যে আন্তঃবদলি করা যাবে।

ঘ. পদোন্নতি ও প্রশাসনিক কারণ ছাড়া ডেপুটি সিভিল সার্জন পদের নিয়মিত বদলির ক্ষেত্রে ন্যূনতম কর্মকাল হবে ০২ (দুই) বছর।

**৩.২.৩. জুনিয়র কনসালটেন্ট পদে পদায়ন ও বদলি:**

ক. জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতিপ্রাপ্ত চিকিৎসকগণকে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-২' এর ম্যাট্রিক্স অনুসরণ করে পদায়ন করা হবে।

খ. জুনিয়র কনসালটেন্ট পদে একই কর্মস্থলে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

গ. বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফশিল-২) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে তিনি সফট্ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে।

**৩.২.৪. সহকারী অধ্যাপক পদে পদায়ন ও বদলি:**

(ক) সহকারী অধ্যাপক পদে পদোন্নতিপ্রাপ্ত চিকিৎসকগণকে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-২' এর ম্যাট্রিক্স অনুসরণ করে পদায়ন করা হবে।

(খ) সহকারী অধ্যাপক পদে যাদের চাকরির মেয়াদ ০৩ (তিন) বছর পূর্ণ হয়েছে তাঁরা বদলির জন্য যোগ্য হবেন। বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তাঁর পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাঁদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফশিল-২) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে।

**৩.২.৫. ৬ষ্ঠ গ্রেডের অন্যান্য পদে পদায়ন ও বদলি:**

ক. জনস্বার্থে ৬ষ্ঠ গ্রেড-এ সিনিয়র স্কেল পদে পদোন্নতি প্রাপ্ত চিকিৎসকগণকে অটোমেশন পদ্ধতিতে ক্ষেত্রমতে 'তফশিল-১' কিংবা 'তফশিল-২' এর ম্যাট্রিক্স অনুসরণ করে উপরে উল্লিখিত পদসমূহের বাহিরে অন্যান্য পদে পদায়ন করা যাবে।

(খ) এ সকল পদে চাকরির মেয়াদ ০৩ (তিন) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফশিল-১) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে।

**৩.৩. ৫ম গ্রেডের পদায়ন ও বদলি:**

**৩.৩.১. সিভিল সার্জন পদে পদায়ন ও বদলি:**

(ক) ৫ম গ্রেড-এ সহকারী পরিচালক পদে পদোন্নতিপ্রাপ্তদের মধ্য থেকে 'সিভিল সার্জন পদায়ন নীতিমালা-২০১৬' অনুযায়ী ফিটলিস্টভুক্ত চিকিৎসককে 'তফসিল-১' এর ম্যাট্রিক্স অনুসরণ করে মনোনয়ন কমিটি'র মাধ্যমে সিভিল সার্জন পদে পদায়ন করা হবে।

(খ) সিভিল সার্জন পদে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

(গ) সিভিল সার্জন পদে পদায়ন বা বদলির ক্ষেত্রে নিজ জেলা পরিহার করতে হবে।

**৩.৩.২. সহকারী পরিচালক পদে পদায়ন ও বদলি:**

(ক) ৫ম গ্রেড-এ সহকারী পরিচালক পদে পদোন্নতিপ্রাপ্ত চিকিৎসকগণকে 'তফশিল-১' এর ম্যাট্রিক্স অনুসরণ করে মনোনয়ন কমিটি'র মাধ্যমে পদায়ন করা হবে।

(খ) সহকারী পরিচালক পদে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

**৩.৩.৩ সিনিয়র কনসালটেন্ট পদে পদায়ন ও বদলি:**

ক. পদোন্নতিপ্রাপ্ত সিনিয়র কনসালটেন্ট-কে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-২' এর ম্যাট্রিক্স অনুসরণ করে পদায়ন করা হবে।

খ. সিনিয়র কনসালটেন্ট হিসেবে পদায়িত কর্মস্থলে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

গ. বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফসিল-২) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে।

**৩.৪. ৪র্থ গ্রেডের পদায়ন ও বদলি:**

**৩.৪.১. উপপরিচালক পদে পদায়ন ও বদলিঃ**

(ক) ৪র্থ গ্রেড-এ উপ-পরিচালক পদে পদোন্নতিপ্রাপ্ত চিকিৎসকগণকে 'তফসিল-১' এর ম্যাট্রিক্স অনুসরণ করে মনোনয়ন কমিটি'র মাধ্যমে পদায়ন করা হবে।

(খ) উপ-পরিচালক পদে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

**৩.৪.২. চিফ কনসালটেন্ট পদে পদায়ন ও বদলি:**

ক. পদোন্নতিপ্রাপ্ত চিফ কনসালটেন্ট-কে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-২' এর ম্যাট্রিক্স অনুসরণ করে পদায়ন করা হবে।

খ. চিফ কনসালটেন্ট হিসেবে পদায়িত কর্মস্থলে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

গ. বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফসিল-২) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্ওয়ার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে।

**৩.৪.৩. সহযোগী অধ্যাপক পদে পদায়ন ও বদলি:**

(ক) সহযোগী অধ্যাপক পদে পদোন্নতিপ্রাপ্ত চিকিৎসকগণকে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-৩' এর ম্যাট্রিক্স অনুসরণ করে পদায়ন করা হবে।

(খ) সহযোগী অধ্যাপক পদ হিসেবে পদায়িত কর্মস্থলে চাকরির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ণ হলে তারা বদলির জন্য যোগ্য হবেন। প্রশাসনিক কারণ ছাড়া একই কর্মস্থলে ০৩ (তিন) বছরের অধিক কর্মরত থাকতে পারবেন না এবং ০১ (এক) বছরের পূর্বে বদলি করা যাবে না।

গ. বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তাঁর পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাঁদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফশিল-২) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তার বদলির স্থান নির্ধারিত হবে।

**৩.৫. ৩য় গ্রেডে চিকিৎসকগণের পদায়ন ও বদলি:**

**৩.৫.১. অধ্যাপক পদে পদায়ন ও বদলিঃ**

(ক) অধ্যাপক পদে পদোন্নতিপ্রাপ্ত চিকিৎসকগণকে অটোমেশন পদ্ধতিতে 'তফশিল-৩' এর ম্যাট্রিক্স অনুসরণ পদায়ন করা হবে।

(খ) অধ্যাপক পদে যাদের চাকরির মেয়াদ ০৩ (তিন) বছর পূর্ণ হয়েছে তারা বদলির জন্য যোগ্য হবেন। বদলির জন্য যোগ্য হওয়ার ন্যূনতম ০১ (এক) মাস আগেই তিনি তার পরবর্তী বদলির পছন্দক্রম 'অটোমেশনে বদলির সফট্ওয়্যার'-এ আপলোড করবেন এবং তাদের বদলির ক্ষেত্রে সংযুক্ত ম্যাট্রিক্স (তফসিল-৩) প্রযোজ্য হবে। যথাসময়ে পছন্দক্রম প্রদানে ব্যর্থ হলে সফট্ওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে তাঁর বদলির স্থান নির্ধারিত হবে।

**৪. ব্যতিক্রম:**

৪.১ মহা-পরিচালক পদায়নের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত কমিটি প্রয়োজন অনুযায়ী সাক্ষাৎকার (Interview) গ্রহণের মাধ্যমে চূড়ান্ত পদায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে।

৪.২. অতিরিক্ত মহা-পরিচালক, অধ্যক্ষ, পরিচালক, উপ-পরিচালক সহকারী পরিচালক ও সিভিল সার্জন পদায়নের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণায়ের ৪ নভেম্বর ২০২৫ তারিখের ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২৫-৪১১৪ নং স্মারকে গঠিত 'মনোনয়ন কমিটি' অথবা সময়ে সময়ে মন্ত্রণালয় কর্তৃক সংশোধিত কমিটি প্রয়োজন অনুযায়ী সাক্ষাৎকার (Interview) গ্রহণের মাধ্যমে চূড়ান্ত পদায়ন নির্ধারণ করতে পারবে।

৪.৩. দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর উচ্চশিক্ষা অথবা প্রশিক্ষণ সংক্রান্ত পদায়নের ক্ষেত্রে "দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও এতদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২০২২ (সংশোধিত)" অনুসৃত হবে। তবে যেসব ক্ষেত্রে উক্ত প্রেষণ নীতিমালা প্রযোজ্য হবে না, সে সকল ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজন অনুযায়ী পৃথক নীতিমালা প্রণয়ন করতে পারবে।

৪.৪. উপরোল্লিখিত পদসমূহের পদায়ন ও বদলির বিষয়টি এমুহূর্তে এ নীতিমালার আওতা বহির্ভূত থাকলেও পর্যায়ক্রমে সেগুলো সফটওয়্যারভিত্তিক অটোমেশন ব্যবস্থার আওতাভুক্ত করা হবে।

**৫. চলতি দায়িত্বে পদায়ন:**

(ক) চলতি দায়িত্ব প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮.০৪.২০২৩ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২১-৯৭ সংখ্যক স্মারকের "মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব নীতিমালা, ২০২৩" প্রযোজ্য হবে।

**৬. বিবিধ:**

৬.১. ম্যাট্রিক্সের স্কোর সমান হলে পদোন্নতিপ্রাপ্ত পদে জ্যেষ্ঠতা ও জন্ম তারিখের ভিত্তিতে বদলি বা পদায়নে অগ্রাধিকার প্রদান করা হবে।

৬.২. পার্বত্য চট্টগ্রাম এলাকায় চিকিৎসক বদলি বা পদায়নের ক্ষেত্রে সরকার নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৬.৩. সরকারি চাকুরিজীবী স্বামী/স্ত্রী-কে একই কর্মস্থল/নিকটবর্তী জেলা/উপজেলায় পদায়নের ক্ষেত্রে পদ শূন্য থাকা সাপেক্ষে মন্ত্রিপরিষদ বিভাগের অনুশাসন প্রতিপালন করা হবে।

৬.৪. পদায়ন ও বদলির আদেশ অনুযায়ী নির্ধারিত সময়ে পদায়ন বা বদলিকৃত কর্মস্থলে যোগদান না করলে সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে শৃংঙ্খলাজনিত বিধান প্রযোজ্য হবে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নির্ধারিত সময়ে পদায়ন বা বদলিকৃত চিকিৎসকের অবমুক্তি এবং যোগদান (মুভ ইন/মুভ আউট) নিশ্চিত করবেন। এর ব্যত্যয় হলে প্রতিষ্ঠান প্রধানকে ব্যাখ্যা প্রদান করতে হবে।

৬.৫. এ নীতিমালা পদায়ন ও বদলির ক্ষেত্রে কর্তৃপক্ষের সহজাত ক্ষমতা (Inherent Power)-কে বারিত করবে না।

৬.৬ পার্বত্য ও দুর্গম উপজেলার ক্যাটাগরি নির্ধারণের ক্ষেত্রে পরিশিষ্ট-ক অনুসরণযোগ্য

৬.৭. প্রতি বছর ডিসেম্বর হতে মার্চ মাসে বদলি কার্যক্রম সম্পন্ন করা হবে।

৬.৮. যে সকল চিকিৎসকের অবসরোত্তর ছুটি (পিআরএল) নিকটবর্তী, তাদের ক্ষেত্রে পিআরএল গমনের ০১ (এক) বছর পূর্বে তাঁদের পছন্দের কর্মস্থলে পদ শূন্য থাকা সাপেক্ষে বদলি করা হবে।

৬.৯. অটোমেশন পদ্ধতিতে নির্ধারিত পদায়ন ও বদলি যদি চিকিৎসাজনিত (Medical Ground) অথবা গুরুত্বপূর্ণ পারিবারিক কারণ (Family Issues) অথবা বিশেষ দক্ষতা (Special skill) বিবেচনায় পরিবর্তনের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রী/উপদেষ্টার নেতৃত্বে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি কর্তৃক প্রত্যেক আবেদনকারীর বিষয়টি আলাদাভাবে (case by case) পর্যালোচনা করা হবে। এ ধরনের ব্যতিক্রম অনুমোদিত হলে সংশ্লিষ্ট চিকিৎসককে কাঙ্খিত প্রতিষ্ঠানে সংযুক্তি (Attachment) প্রদান করা যাবে; এবং এক্ষেত্রে পরবর্তী পদায়নের সময়ে সংযুক্তিকৃত কর্মস্থলকেই মেট্রিক্সে প্রকৃত কর্মস্থল হিসেবে বিবেচনা করা হবে।

৬.১০ জনস্বার্থ, সুষম জনবল বণ্টন এবং ভৌগোলিক ও জেলা ভিত্তিক সমতা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার প্রয়োজনবোধে যে কোনো চিকিৎসককে দেশের যে কোনো স্থানে পদায়ন বা বদলি করার ক্ষমতা সংরক্ষণ করবে; এ ক্ষেত্রে ম্যাট্রিক্স বা পছন্দক্রমের সীমাবদ্ধতা প্রযোজ্য হবে না।

৬.১১. কোনো চিকিৎসক-কে অন্য কোনো বিষয়ের বিপরীতে অথবা প্রশাসনিক পদের বিপরীতে পদায়ন বা বদলি করা যাবে না।

**"তফসিল-১"**

গ্রেড-৯ (সহকারী সার্জন/মেডিকেল অফিসার/সহকারী ডেন্টাল সার্জন/অন্যান্য)

| মূল্যায়নের মানদণ্ড | | বছর প্রতি নম্বর | মাস প্রতি নম্বর | মোট |
|---|---|---|---|---|
| ক. | চাকরিকালীন সময় | ০১ | ০.০৮৩ | |
| খ. | স্নাতকোত্তর ডিগ্রি: | | | |
| খ. ১. | ০৫ বছর বা দুর্ধ্ব মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ২.৫ | ০.২০৮ | |
| খ. ২. | ০৩ বছর বা তদূর্ধ্ব মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ২.০ | ০.১৬৬ | |
| খ.৩. | ০৩ বছরের কম মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ১.৫ | ০.১২৫ | |

| সেবা প্রদানের পর্যায় | বছর প্রতি নম্বর | মাস প্রতি নম্বর | মোট স্কোর |
|---|---|---|---|
| উপজেলা<br>[পার্বত্য চট্টগ্রাম এবং দুর্গম এলাকা] | ৩.০ | ০.২৫০ | |
| উপজেলা<br>[সাধারণ] | ২.০ | ০.১৬৬ | |
| বিভাগীয় সদর ছাড়া অন্যান্য জেলা<br>[মেডিকেল কলেজ ও বিশেষায়িত ইনস্টিটিউট ছাড়া] | ১.৫ | ০.১২৫ | |
| বিভাগীয় সদর ছাড়া অন্যান্য জেলা<br>[মেডিকেল কলেজ অথবা বিশেষায়িত ইনস্টিটিউট] | ১.০ | ০.০৮৩ | |
| ঢাকা ছাড়া অন্যান্য বিভাগীয় সদর<br>[মেডিকেল কলেজ অথবা বিশেষায়িত ইনস্টিটিউট] | ০.৭৫ | ০.০৬২৫ | |
| ঢাকা<br>[মেডিকেল কলেজ অথবা বিশেষায়িত ইনস্টিটিউট] | ০.৫ | ০.০৪২ | |

বিশেষ দ্রষ্টব্য: বার্ষিক গোপনীয় প্রতিবেদনে সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের প্রাপ্ত নম্বরের শতকরা ৫ ভাগ যুক্ত হবে। এই প্রক্রিয়াটি ২০২৭ সালের জানুয়ারি থেকে কার্যকর হইবে।

**"তফসিল-২"**

গ্রেড ৬ ও ৫ (জুনিয়র কনসালটেন্ট, সহকারী অধ্যাপক ও অন্যান্য)

| | মূল্যায়নের মানদণ্ড | বছর প্রতি নম্বর | মাস প্রতি নম্বর | মোট |
|---|---|---|---|---|
| ক. | চাকরিকালীন সময় | ০১ | ০.০৮৩ | |
| খ. | স্নাতকোত্তর ডিগ্রি: | | | |
| খ.১. | ০৫ বছর বা তদূর্ধ্ব মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ২.৫ | ০.২০৮ | |
| খ.২. | ০৩ বছর বা তদূর্ধ্ব মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ২.০ | ০.১৬৬ | |
| খ.৩. | ০৩ বছরের কম মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ১.৫ | ০.১২৫ | |

| সেবা প্রদানের পর্যায় | বছর প্রতি নম্বর | মাস প্রতি নম্বর | মোট স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|
| উপজেলা<br>[পার্বত্য চট্টগ্রাম এবং দুর্গম এলাকা] | ৩.০ | ০.২৫০ | | |
| উপজেলা<br>[সাধারণ] | ২.০ | ০.১৬৬ | | |
| বিভাগীয় সদর ছাড়া অন্যান্য জেলা<br>[মেডিকেল কলেজ ও ইনস্টিটিউট ছাড়া] | ১.৫ | ০.১২৫ | | |
| বিভাগীয় সদর ছাড়া অন্যান্য জেলা<br>[মেডিকেল কলেজ অথবা ইনস্টিটিউট] | ১.৫ | ০.১২৫ | | |
| ঢাকা ছাড়া অন্যান্য বিভাগীয় সদর<br>[মেডিকেল কলেজ অথবা ইনস্টিটিউট] | ০.৭৫ | ০.০৬২৫ | | |
| ঢাকা<br>[মেডিকেল কলেজ অথবা ইনস্টিটিউট] | ০.৫ | ০.০৪২ | | |

বিশেষ দ্রষ্টব্য: বার্ষিক গোপনীয় প্রতিবেদনে সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের প্রাপ্ত নম্বরের শতকরা ৫ ভাগ যুক্ত হবে। এই প্রক্রিয়াটি ২০২৭ সালের জানুয়ারি থেকে কার্যকর হইবে।

**"তফসিল-৩"**

গ্রেড ৪ ও ৩ (সহযোগী অধ্যাপক, অধ্যাপক ও অন্যান্য)

| | মূল্যায়নের মানদণ্ড | বছর প্রতি নম্বর | মাস প্রতি নম্বর | মোট |
|---|---|---|---|---|
| ক. | চাকরিকালীন সময় | ০১ | ০.০৮৩ | |
| খ. | স্নাতকোত্তর ডিগ্রি: | | | |
| খ.১. | ০৫ বছর বা তদূর্ধ্ব মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ২.৫ | ০.২০৮ | |
| খ.২. | ০৩ বছর বা তদূর্ধ্ব মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ২.০ | ০.১৬৬ | |
| খ.৩. | ০৩ বছরের কম মেয়াদি<br>[ডিগ্রি পরবর্তী চাকরিকালীন সময়] | ১.৫ | ০.১২৫ | |

| সেবা প্রদানের পর্যায় | বছর প্রতি নম্বর | মাস প্রতি নম্বর | মোট স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|
| উপজেলা<br>[পার্বত্য চট্টগ্রাম এবং দুর্গম এলাকা] | ৩.০ | ০.২৫০ | | |
| উপজেলা<br>[সাধারণ] | ২.০ | ০.১৬৬ | | |
| বিভাগীয় সদর ছাড়া অন্যান্য জেলা<br>[মেডিকেল কলেজ ও ইনস্টিটিউট ছাড়া] | ১.৫ | ০.১২৫ | | |
| বিভাগীয় সদর ছাড়া অন্যান্য জেলা<br>[মেডিকেল কলেজ অথবা ইনস্টিটিউট] | ১.৫ | ০.১২৫ | | |
| ঢাকা ছাড়া অন্যান্য বিভাগীয় সদর<br>[মেডিকেল কলেজ অথবা ইনস্টিটিউট] | ০.৭৫ | ০.০৬২৫ | | |
| ঢাকা<br>[মেডিকেল কলেজ অথবা ইনস্টিটিউট] | ০.৫ | ০.০৪২ | | |

বিশেষ দ্রষ্টব্য: বার্ষিক গোপনীয় প্রতিবেদনে সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের প্রাপ্ত নম্বরের শতকরা ৫ ভাগ যুক্ত হবে। এই প্রক্রিয়াটি ২০২৭ সালের জানুয়ারি থেকে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-ক**

পার্বত্য/নবসৃষ্ট/হাওর/দ্বীপ/চর/সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম উপজেলাসমূহ:

| জেলা | উপজেলা |
|---|---|
| পার্বত্য উপজেলা | |
| খাগড়াছড়ি পার্বত্য জেলা | সকল উপজেলা |
| বান্দরবান পার্বত্য জেলা | সকল উপজেলা |
| রাঙামাটি পার্বত্য জেরা | সকল উপজেলা |
| **নবসৃষ্ট উপজেলা** | |
| কক্সবাজার | ঈদগাঁও |
| মাদারীপুর | ডাসার |
| সুনামগঞ্জ | মধ্যনগর |
| হবিগঞ্জ | শায়েস্তাগঞ্জ |
| **হাওর উপজেলা** | |
| কিশোরগঞ্জ | অষ্টগ্রাম, ইটনা, নিকলী, মিঠামইন |
| নেত্রকোণা | খালিয়াজুরী, মদন |
| সুনামগঞ্জ | জামালগঞ্জ, তাহিরপুর, দোয়ারাবাজার, ধর্মপাশা, বিশ্বম্ভরপুর, মধ্যনগর, শাল্লা |
| হবিগঞ্জ | আজমিরীগঞ্জ, লাখাই |
| **দ্বীপ উপজেলা** | |
| কক্সবাজার | কুতুবদিয়া, মহেশখালী |
| চট্টগ্রাম | সন্দ্বীপ |
| নোয়াখালী | হাতিয়া |
| ভোলা | মনপুরা |
| **চর উপজেলা** | |
| কুড়িগ্রাম | রাজীবপুর, রৌমারী |
| ফরিদপুর | চরভদ্রাসন |
| মানিকগঞ্জ | দৌলতপুর |
| সিরাজগঞ্জ | চৌহালী |
| **সমুদ্র উপকূলবর্তী ও দুর্গম উপজেলা** | |
| কক্সবাজার | উখিয়া, টেকনাফ |
| খুলনা | কয়রা, দাকোপ |
| পটুয়াখালী | গলাচিপা, রাঙ্গাবালী |
| পিরোজপুর | মঠবাড়িয়া |
| বরগুনা | তালতলী, পাথরঘাটা |
| বরিশাল | মেহেদীগঞ্জ, হিজলা |
| বাগেরহাট | শরণখোলা |
| ভোলা | চরফ্যাশন |
| লক্ষ্মীপুর | রামগতি |
| সাতক্ষীরা | আশাশুনি, শ্যামনগর |

**মোঃ সাইদুর রহমান**
সচিব।

**পার-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৯ মার্চ ২০২৬

নং **৪৫.০০.০০০০.১৪৮.১৩.০১৬.২৫-২২৭**—ডাঃ এ.টি.এম ফরিদ উদ্দীন (৪০৩২১), প্রাক্তন পরিচালক (গবেষণা, প্রকাশনা ও কারিকুলাম উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করায় তার অনুকূলে স্বাস্থ্য সেবা বিভাগের ০৩-০৯-২০২৫ তারিখের ৪৫.০০.০০০০.১৪৮.১৩.০১৬.২৫-৬৪১ নং প্রজ্ঞাপনমূলে ২৭-০২-২০২৫ তারিখ হতে মঞ্জুরকৃত স্বেচ্ছায় অবসর (পি.আর.এল.) সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৯(২) ধারা অনুযায়ী স্থগিত করা হলো।

নং **৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৮.২৪-২২৮**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তার নামের পার্শ্বে উল্লিখিত চাকরিকাল বিএসআর (পার্ট-১) এর ৪২(২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষে পূর্বতন চাকরির ধারাবাহিকতা সংরক্ষণের আদেশ প্রদান করা হরো :

| নং | নাম ও কোড | বর্তমান পদে যোগদানের পূর্বে মোট চাকরিকাল |
|---|---|---|
| ১. | ডাঃ মোঃ আইউব আলী (১৩৫৩৩৯) | ১২-০৯-২০২১ তারিখ হইতে ০১-০৯-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকরিকাল ০২ বছর ১১ মাস ১৯ দিন। |

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সনজীদা শরমিন**
যুগ্মসচিব।

---

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ মার্চ ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৩৯.২৩-২৮০**—যেহেতু, ডা. মো: জাকির হোসেন (১৪৪৮৩৪), সহকারী সার্জন, তুজারপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্র, ভাঙ্গা, ফরিদপুর-এর বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ এর ৮/১২/১৩ ধারায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের যাত্রাবাড়ী থানায় মামলা নং ৭৬, তারিখ: ১৬-১১-২০২২ খ্রি. রুজু করা হয় এবং এ পরিপ্রেক্ষিতে ০৯-০১-২০২৪ খ্রি. তারিখে তাকে গ্রেফতারপূর্বক ঢাকা কেন্দ্রীয় কারাগারে প্রেরণ করা হয়;

যেহেতু উক্ত মামলায় গ্রেফতার হওয়ার কারণে স্বাস্থ্য সেবা বিভাগের ১৬-০৭-২০২৪ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১৩৯.২৩-৩৪২ নং স্মারকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী উক্ত কর্মকর্তাকে ০৯-০১-২০২৪ খ্রি. তারিখে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু সংশ্লিষ্ট কর্মকর্তাকে বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা কর্তৃক সূত্র: যাত্রাবাড়ী থানার মামলা নং ৭৬(১১)২০২২, ধারা-৮/১২/১৩ অনুযায়ী উপর্যুক্ত মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু ডা. মোঃ জাকির হোসেন (১৪৪৮৩৪)-এর সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তের সময়কে বিধিমোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৪১.২৬-২৮৩**—যেহেতু, ডা. রাজেশ মজুমদার (১১৪৪৯২), জুনিয়র কনসালটেন্ট (শিশু), ২৫০ শয্যাবিশিষ্ট সদর হাসপাতাল, শরীয়তপুর-এ কর্মরত আছেন;

যেহেতু, তিনি কর্মস্থলে বায়োমেট্রিক হাজিরা দিয়ে সরকারি দায়িত্ব পালন না করে প্রাইভেট হাসপাতালে রোগী দেখার অভিযোগটি ০৪-০৩-২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় ডিবিসি ইলেকট্রনিক মিডিয়ায় লাইভ প্রচারিত হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়;

যেহেতু, ইতোমধ্যে উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি, অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু ডা. রাজেশ মজুমদার (১১৪৪৯২)-কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির অদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**বিআরটিসি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিক: ১৫ চৈত্র ১৪৩২/২৯ মার্চ ২০২৬

নং **৩৫.০০.০০০০.০১৩.০৬.০৩৭.২০-২১**—বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন, ২০২০ এর ধারা ৭(২) এর আলোকে গত ২৭ মার্চ ২০২৫ তারিখে গঠিত বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর পরিচালনা পর্ষদ'র ১৩ নম্বর ক্রমিকের রাজশাহী বিভাগের সদস্য ও ১৪ নম্বর ক্রমিকের সিলেট বিভাগের সদস্য পরিবর্তনপূর্বক নিম্নরূপে মনোনয়ন প্রদান করা হলো:

| ক্রম | নাম | ঠিকানা | পর্ষদে পদবি |
|---|---|---|---|
| ১৩ | মীর শাকরুল আলম সীমান্ত | গ্রাম/রাস্তা: বেতগাড়ী মীরবাড়ী, ডাকঘর: আলিয়ারহাট, উপজেলা: শিবগঞ্জ, জেলা: বগুড়া | সদস্য |
| ১৪ | জনাব ইশতিয়াক আহমদ সিদ্দিকী | বাসা: সিদ্দিকী হাউজ, গ্রাম: ইসলামপুর উত্তর, ডাকঘর: ইসলামপুর-৩১০০, সিলেট সদর, সিলেট | সদস্য |

০২। পরিচালনা পর্ষদ জনস্বার্থে, বাণিজ্যিক বিবেচনায় এর দায়িত্ব পালন করবে এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা প্রতিপালন করবে।

০৩। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ২৭ মার্চ ২০২৫ তারিখের ৩৫.০০.০০০০.০১৩.০৬.০৩৭.২০-৪১ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত পরিচালনা পর্ষদ সংশোধনপূর্বক এ আদেশ জারি করা হলো। ২৯ মার্চ ২০২৬ হতে পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত উল্লিখিত সদস্যগণ দায়িত্ব পালন করবেন।

০৪। প্রজ্ঞাপনটি অবিলম্বে কর্যিকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অজিত দেব**
সিনিয়র সহকারী সচিব।

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০২ চৈত্র, ১৪৩২/১৬ মার্চ, ২০২৬

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০০১.২৪-৪২**—যেহেতু, সৈয়দ গিয়াস উদ্দিন (পরিচিতি নং-৬০২২৯১), প্রকল্প ব্যবস্থাপক-৫, সওজ, সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সাবেক নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক বিভাগ বরগুনা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের ৩১-০১-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০১.২৪-৪১ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ কার হয়;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়নি; এবং

যেহেতু, নথি পর্যালোচনা, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় সৈয়দ গিয়াস উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমুহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, সৈয়দ গিয়াস উদ্দিন (পরিচিতি নং-৬০২২৯১), প্রকল্প ব্যবস্থাপক-৫, সওজ, সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমানিত না হওয়ায় তাকে একই বিধিমালার ৭(২)(ক)অনুযায়ী বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.২৪-৪৩**—যেহেতু, জনাব শাকিল মোহাম্মদ ফয়সাল (পরিচিতি নং-৬০২২১৬), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক বিভাগ, কিশোরগঞ্জ (সাবেক নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক বিভাগ, হবিগঞ্জ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের ৩১-০১-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.২৪-৪৩ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ কার হয়;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়নি; এবং

যেহেতু, নথি পর্যালোচনা, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় জনাব শাকিল মোহাম্মদ ফয়সাল এর বিরুদ্ধে আনীত অভিযোগসমুহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব শাকিল মোহাম্মদ ফয়সাল (পরিচিতি নং-৬০২২১৬), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক বিভাগ, কিশোরগঞ্জ (সাবেক নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক বিভাগ, হবিগঞ্জ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমানিত না হওয়ায় তাকে একই বিধিমালার ৭(২)(ক) অনুযায়ী বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.২৪-৪৪**—যেহেতু, শেখ নাবিল হোসেন (পরিচিতি নং-৬০২২৫৫), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক বিভাগ, শরীয়তপুর (সাবেক নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক বিভাগ, ঝালকাঠি এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের ৩১-০১-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.২৪-৪৪ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ কার হয়;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়নি; এবং

যেহেতু, নথি পর্যালোচনা, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় শেখ নাবিল হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমুহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, শেখ নাবিল হোসেন (পরিচিতি নং-৬০২২৫৫), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক বিভাগ, শরীয়তপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে একই বিধিমালার ৭(২)(ক) অনুযায়ী বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.২৪-৪৫**—যেহেতু, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম (পরিচিতি নং-৬০১৯৯২), নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া (সাবেক নির্বাহী প্রকৌশলী সড়ক বিভাগ, কুড়িগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের ৩১-০১-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.২৪-৪৫ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ কার হয়;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়নি; এবং

যেহেতু, নথি পর্যালোচনা, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগসমুহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম (পরিচিতি নং-৬০১৯৯২), নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে একই বিধিমালার ৭(২)(ক) অনুযায়ী বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ জিয়াউল হক**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/০৮ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০০২.২৬.২২**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঢাকা জোনের ০৪টি মৌজা ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | এরিয়া (একর) | থানার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | হযরতপুর | ০৩ | ১৫৮২.২৮ | কেরানীগঞ্জ | ঢাকা |
| ০২ | রোহিতপুর | ৫৭ | ২৮৫.৭৮ | কেরানীগঞ্জ | ঢাকা |
| ০৩ | বাঘৈর | ৮৭ | ১৭২৩.০৮ | কেরানীগঞ্জ | ঢাকা |
| ০৪ | নোয়াদ্দা | ৯০ | ৮৬.৯০ | কেরানীগঞ্জ | ঢাকা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।